# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩২৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৯৯]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৯৭. কুবা মসজিদের ফযীলত এবং তাতে সালাত আদায় ও তা যিয়ারাতের ফযীলত

باب فَضْلِ مَسْجِدِ قُبَاءٍ وَفَضْلِ الصَّلاَةِ فِيهِ وَزِيَارَتِهِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، وَأَبُو أُسَامَةَ عَنْ عُبَيْدِ، اللَّهِ ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ، عُمَرَ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَأْتِي مَسْجِدَ قُبَاءٍ رَاكِبًا وَمَاشِيًا فَيُصَلِّي فِيهِ رَكْعَتَيْنِ . قَالَ أَبُو بَكْرٍ فِي رِوَايَتِهِ قَالَ ابْنُ نُمَيْرٍ فَيُصَلِّي فِيهِ رَكْعَتَيْنِ

বাংলা

৩২৮১-(৫১৬/.) আবূ বকর ইবনু আবূ শায়বাহ্ (রহঃ) ..... ইবনু উমর (রাযিঃ) বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পদব্রজে অথবা বাহনে চড়ে কুবা মসজিদে আসতেন। অতঃপর তিনি সেখানে দু’ রাকাআত সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করতেন।*

অন্য বর্ণনায় এসেছে, আবূ বকর (রাযিঃ) বলেছেন, ইবনু নুমায়র (রাযিঃ) বলেন, অতঃপর তিনি সেখানে দু’ রাকাআত সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করতেন। (ইসলামিক ফাউন্ডেশন ৩২৫৬, ইসলামীক সেন্টার ৩২৫৩)

## English

Ibn Umar (Allah be pleased with them) reported that Allah's Messenger (ﷺ) came to the mosque at Quba' riding and on foot, and he observed two rak'ahs of (Nafl prayer) in it.

ফুটনোট

* রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কাহ্ (মক্কা) থেকে হিজরত করে মদীনায় প্রবেশে পূর্বে নুবুওয়াতের চতুর্দশ বছরের ৮ রবিউল আউওয়াল অর্থাৎ ১লা হিজরী মোতাবেক ২৩ সেপ্টেম্বর ৬২২ইং সালের সোমবার কুবা

পল্লীতে অবতরণ করে। এটা মদীনার উপকণ্ঠে অবস্থিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশনায় এখানে একটি মাসজিদ নির্মিত হয়। ইসলামের ইতিহাসে তা মসজিদে কুবা নামে পরিচিত। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো পায়ে হেঁটে আবার কখনো বাহনে চড়ে প্রায়ই এখানে এসে বিশ্রাম নিতেন এবং দু' রাকাআত সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করতেন। এতে বুঝা যায় মসজিদের যিয়ারাত হল তথায় দু' রাকাআত সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করা। মসজিদের কারুকার্য দেখা বা দরজা-জানালা ইত্যাদি গণনা করার নাম মাসজিদ যিয়ারাত করা নয়। বরং এটা তামাশা যা নাবীদের অনুসারীগণের কাজ নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন